

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ১ জানুয়ারি, ২০১৮ ১৮:২৯

বঙ্গবন্ধু স্মৃতি সংসদের উদ্যোগে প্রয়াত দুই মেয়রের স্মরণ সভা | ইউএই প্রতিনিধি :



সংযুক্ত আরব আমিরাত বঙ্গবন্ধু স্মৃতি সংসদের উদ্যোগ সদ্য প্রয়াত চট্টলার বীর মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরী ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হকের আত্মার মাগফেরাত কামনা করে স্মরণ সভা করা হয়।

সংগঠনের সভাপতি প্রকৌশলী জসীমউদ্দীন ভূঁইয়ার সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন মীরসরাই সমিতির সভাপতি মাজহার উল্লাহ মিয়া। জাফর চৌধুরীর সঞ্চালনায় সভায় প্রধান আলোচকের বক্তব্য রাখেন সংগঠনের উপদেষ্টা সাইফুল ইসলাম।

বক্তারা বলেন, ‘মহিউদ্দিন চৌধুরী এমনি একটি নাম, যিনি একাই একটি প্রতিষ্ঠান। আওয়ামী লীগের দুঃসময়ে কাভারী। চট্টগ্রাম থেকে ট্রাকে করে ইট সিমেন্ট নিয়ে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর জরাজীর্ণ কবরটিও প্রথম তিনি সংস্কার করেন।’ প্রয়াত মেয়র

আনিসুল হকের প্রসঙ্গে বক্তারা বলেন, ‘আমরা শুধু একজন মেয়রকেই হারাইনি, বরং হারিয়েছি একজন দেশপ্রেমিক, যিনি স্বপ্ন দেখতেন আবার সেই স্বপ্নপূরণে মানুষকে উৎসাহিত করতেন।’

স্মরণ সভায় অন্যান্যের মাঝে বক্তব্য রাখেন, হাসেম ভূঁঞা, সালাউদ্দিন হেলাল, রায়হান উদ্দিন ভূঁইয়া রাসেল, কামাল উদ্দিন, রহমত উল্লাহ, জসিম উদ্দিন, নুর আলম, আবু সাঈদ, আনোয়ার, আবুল কালাম আজাদ প্রমুখ। পরে দুই মেয়রের আত্মার মাগফেরাত কামনায় দোয়া ও মোনাজাত পরিচালনা করেন কেন্দ্রীয় কমিটির ধর্ম বিষয়ক সম্পাদক কামাল হোসেন।

বিডিপ্রতিদিন/ ০১ জানুয়ারি, ২০১৮/ ই জাহান
